দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 OCT 1986
পৃষ্ঠা ১ কলাম ৭

57

# পাঁচটি হলে তল্লাশী ঃ অস্ত্রশস্ত্র উদ্ধার ঃ ১৫২ জন আটক

সোমবার রাতে আইনপ্রয়োগকারী সংস্থাগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচটি আবাসিক হলে তল্লাশী চালাতে গিয়ে ১৫২ জনকে আটক করে। এদের অধিকাংশই জগন্নাথ হলের। সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চারপাশে নিরীহ জনগণের ওপর দুষ্কৃতকারীদের ব্যাপক সন্ত্রাস তৎপরতার পর আবাসিক হলগুলোয় এই তল্লাশী চালানো হয়।

গ্রেফতারকৃতদের মধ্যে ৬২ জন ছাত্র। গতকাল বোমা বিস্ফোরণের ঘটনায় সুপ্রীম কোর্টের দুজন বিচারপতিসহ নিরীহ কিছু লোক আহত হন। মোটরকার, মোটর সাইকেল, মিনিবাসসহ সরকারী বেসরকারী মালিকানার দশটি যান নষ্ট অথবা ভস্মীভূত করা হয়েছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এবং জননিরাপত্তার স্বার্থে আইন-প্রয়োগকারী সংস্থা সোমবার রাত সাড়ে বারোটা থেকে ভোর চারটা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচটি আবাসিক হল—সার্জেন্ট জহুরুল হক হল, মহসিন হল, জগন্নাথ হল, সূর্যসেন হল ও জসিমুদ্দীন হলে তল্লাশী চালায়। তল্লাশী চালিয়ে তারা বিপুল

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)



পুলিশ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে এসব বেআইনী অস্ত্রশস্ত্র উদ্ধার করে

## ভার্সিটি হলে পুলিশের তল্লাশীর প্রতিবাদ

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় হলে সোমবার রাতে পুলিশের তল্লাশীর প্রতিবাদে গতকাল ছাত্র সংগ্রাম পরিষদের একাংশের উদ্যোগে অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বক্তৃতা করেন। ছাত্রদের উদ্দেশ্যে ভাইস চ্যান্সেলর বলেন,

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির সব পরীক্ষা স্থগিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৮ই অক্টোবর থেকে ৩০শে অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের মূল কেন্দ্রে অনুষ্ঠিতব্য কোর্স ও সনাতন পদ্ধতির সকল পরীক্ষা অনিবার্য কারণবশত স্থগিত ঘোষণা করা হয়েছে। পরীক্ষাসমূহের পরিবর্তিত তারিখ পরে ঘোষণা করা হবে। খবর বিজ্ঞপ্তির।

দৈনিক বাংলা

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## পাঁচটি হলে তল্লাশী

(১ম পৃঃ পর)

পরিমাণ গোলাবারুদ, অস্ত্র, বোমা, বোমা তৈরীর মালমসলা ও কয়েকটি ছিনতাই করা মোটর সাইকেল উদ্ধার করে। পুলিশ সূত্রে বলা হয় সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ত্রাস সৃষ্টি করতে দুষ্কৃতকারীরা ছিনতাই করা এসব মোটর সাইকেল ব্যবহার করেছিল।

বাসসের এ খবরে বলা হয় ঘটনা সম্পর্কে মন্তব্য করতে গিয়ে একজন সরকারী মুখপাত্র বলেন তথাকথিত একশ্রেণীর ছাত্র ও ভাড়াটে গুন্ডা বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা লংঘন করে চলেছে অধিকাংশ ছাত্র ও জনগণের নিরাপত্তার প্রতি ভ্রূক্ষেপ না করে।

তিনি বলেন বিশ্ববিদ্যালয়ের হলগুলোকে দুষ্কৃতকারীদের আশ্রয় কেন্দ্র, বোমা ও অস্ত্র তৈরীর কারখানা ও বেআইনী অস্ত্র ও গোলাবারুদের গুদামে পরিণত করা হয়েছে। সংখ্যাগরিষ্ঠ ছাত্র যারা শান্তিতে পড়াশুনা করতে চায় তারা আতংকিত।

মুখপাত্র বলেন, ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ লংঘন করা সরকার আর কোনো মতেই বরদাস্ত করবেন না এবং যে কোনো মূল্যে দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠের পবিত্রতা রক্ষা করা হবে।

তিনি আশা প্রকাশ করেন যে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও তাঁদের যথাসাধ্য চেষ্টা করবেন।

এদিকে ঢাকা মেট্রোপলিটন পুলিশ মঙ্গলবার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে, দুষ্কৃতকারীদের কয়েকটি গ্রুপ ঢাকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চারপাশের এলাকায় যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি ও মারাত্মক বোমা বিস্ফোরণ ঘটিয়ে ত্রাস সৃষ্টি করে।

তারা বেশ কিছু সংখ্যক যানবাহন নষ্ট করে এবং আগুন ধরিয়ে ৮টি যান সম্পূর্ণরূপে ভস্মীভূত করে। সুপ্রীম কোর্টের দুজন বিচারপতি বিচারপতি জনাব দলিলউদ্দীন ও বিচারপতি জনাব নুরুল হক তাঁদের দফতর থেকে বাসায় [illegible] আক্রান্ত হন। আক-

সপরিবারে বাস করছেন তাদের ও সংশ্লিষ্ট এলাকার সাধারণ মানুষের নিরাপত্তার স্বার্থে দুষ্কৃতকারীদের এসব অস্ত্রশস্ত্র গোলাগুলি ও বিস্ফোরক উদ্ধার এবং দুষ্কৃতকারীদের গ্রেফতার করা জরুরী হয়ে ওঠে।

সিনিয়র পুলিশ অফিসারদের নেতৃত্বে ঢাকা মেট্রোপলিটন পুলিশ কয়েকটি আবাসিক হলে তল্লাসী চালায় এবং বিপুল পরিমাণ বেআইনী অস্ত্রশস্ত্র, হাতবোমা, পটকা, বিস্ফোরক দ্রব্য, ছোরা, রামদাও ও কয়েকটি চোরাই মোটর সাইকেল, রাষ্ট্রবিরোধী প্রচারপত্র, খালি বোতল ও বোমা তৈরির মালমশলা উদ্ধার করে।

ছাত্র, অছাত্র ও বহিরাগতসহ ১৫২ জনকে আটক করা হয়েছে বলে পুলিশের প্রেস রিলিজে উল্লেখ করা হয়।

## প্রতিবাদ

(১ম পৃঃ পর)

হলের ছাত্রদের নিরাপত্তার ব্যাপারে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট পদক্ষেপ গ্রহণ করবে।

তিনি হলগুলিতে নিরাপত্তা জোরদার করার ব্যাপারে ইতিপূর্বে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে পদক্ষেপ গ্রহণ করেন এগুলি সক্রিয়ভাবে বাস্তবায়ন করার জন্যে হল প্রভোস্টদের নির্দেশ দেন।

সভায় ভাইস চ্যান্সেলর বলেন, ৩০শ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত থাকবে।

সমাবেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ক্যাম্পাসে পুলিশের অভিযানে ক্ষোভ প্রকাশ করা হয়। পরে ভাইস চ্যান্সেলরকে সামনে রেখে ভার্সিটি এলাকায় একটি মিছিল বের করা হয়।

এদিকে বিশ্ববিদ্যালয় হলগুলি থেকে ছাত্ররা চলে গেছে।

গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় এলাকায় বেশ কয়েকটি বোমার শব্দ শোনা যায়।

### সিন্ডিকেটের সভা

গতকাল বিকালে ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

### বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সোমবার গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে পুলিশের তল্লাশীর নিন্দা করে।

গতকাল বিশ্ববিদ্যালয় ক্লাবে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী সংসদের এক সভা সমিতির সভাপতি অধ্যাপক কে এম সাদউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে বলা হয়ঃ তল্লাশীর সময় পুলিশ হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকদের সঙ্গে যে আচরণ করেছেন তা গর্হিত। এই অবাঞ্ছিত আচরণের জন্যে দায়ী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি বিধানের দাবী জানানো হয়।

এছাড়া তল্লাশীকালে গ্রেফতারকৃত ছাত্র-কর্মচারীদের অবিলম্বে মুক্তি দাবী এবং এ ধরনের অনভিপ্রেত ঘটনার পুনরাবৃত্তি রোধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানানো হয়।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদসহ বিভিন্ন ছাত্র সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে পুলিশের অভিযানের নিন্দা ও গ্রেফতারকৃতদের মুক্তি দাবী করেছে।